# নিয়োগ বিজ্ঞপ্তি

ডেনমার্ক ও সুইজারল্যান্ড দুতাবাসের অর্থায়নে, হাইসাওয়ার ব্যবস্থাপনায়, ইউনিয়ন পরিষদ ও পৌরসভার মাধ্যমে হাইজিন, স্যানিটেশন, পানি সরবরাহ এবং জলবায়ু পরিবর্তন অভিজোযন বিষয়ক প্রকল্প বাস্তবায়নের জন্য খুলনা, যশোর, সাতক্ষীরা, বাগেরহাট, নড়াইল ও লক্ষীপুর জেলার অর্ন্তগত প্রকল্পভুক্ত ইউনিয়ন পরিষদ ও পৌরসভার অধীনে মাঠ পর্যায়ে কাজ করতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীদের নিকট থেকে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

| পদের নাম ও বেতন | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| কমিউনিটি অর্গানাইজার (শুধুমাত্র নারী) মাসিক বেতন ৮৫০০ টাকা, যাতায়াত ভাতা ১০০০ টাকা, মোবাইল ফোন বিল ৫০০ টাকা ও বার্ষিক উৎসব ভাতা ৮৫০০ টাকা। | প্রতি পৌরসভা/ ইউনিয়ন পরিষদে ১/২ জন | উচ্চ মাধ্যমিক পাশ এবং ইউনিয়ন পর্যায়ে কমিউনিটি ভিত্তিক হাইজিন, স্যানিটেশন, পানি সরবরাহ এবং জলবায়ু পরিবর্তন কর্মসূচিতে ৩ বছরের অভিজ্ঞতা। অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্র শিক্ষাগত যোগ্যতা নুন্যতম মাধ্যমিক পাশ। কর্মীকে স্মার্টফোন ও ইন্টারনেট ব্যবহারে পারদর্শী হতে হবে। কর্ম এলাকার প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। |

**কর্ম এলাকাঃ**

| জেলা : | খুলনা | যশোর | সাতক্ষীরা | বাগেরহাট | নড়াইল | লক্ষীপুর |
|---|---|---|---|---|---|---|
| উপজেলা: | ডুমুরিয়া, ফুলতলা ও তেরখাদা | অভয়নগর ও কেশবপুর | সাতক্ষীরা সদর, কালীগঞ্জ ও আশাশুনি | ফকিরহাট, চিতলমারী ও মোল্লাহাট | কালিয়া | রামগতি |
| ইউনিয়ন: | রঘুনাথপুর, ভান্ডারপাড়া, গুটুদিয়া, সাহস, শোভনা, খর্ণিয়া, ফুলতলা সদর, জামিরা, তেরখাদা সদর, মধুপুর, ছাগলাদহ, সাচিয়াদহ, বারাসাত। | প্রেমবাগ, চলিশিয়া, মজিদপুর, সুফলাকাঠি, ত্রিমোহিনী, সাতবাড়িয়া, বিদ্যানন্দকাঠি ও হাসানপুর। | কুশখালী, শিবপুর, লাবসা, ফিংড়ী, রতনপুর, মৌতলা, চম্পাফুল, বিষ্ণুপুর, আশাশুনি সদর। | নলধা মৌভোগ, বেতাগা, শুভদিয়া, পিলজং, লখপুর, ফকিরহাট সদর, মুলঘর, বাহিরদিয়া মানসা, চিতলমারী সদর, চরবানিয়ারী, বড়বাড়িয়া, শিবপুর, কুলিয়া, চুনখোলা ও গাংনী | খাসিয়াল, চাচুড়ি, পুরুলিয়া, বড়নাল ইলিয়াসাবাদ ও জয়নগর | চরবাদাম, চর পোড়াগাছা, আলেকজান্ডার, চর আব্দুল্লাহ, চর আলগী, চর রমিজ, বড়খেড়ী, চরগাজী ও রামগতি পৌরসভা |

সংশ্লিষ্ট পৌরসভা/ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে বিস্তারিত নিয়োগ বিজ্ঞপ্তি পাওয়া যাবে। আগ্রহী প্রার্থীগন আগামী ১৬ অক্টোবর ২০১৮ তারিখের মধ্যে ১ কপি পূর্ণ জীবন বৃত্তান্ত, সদ্যতোলা ১ কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্র, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ পত্রের ফটোকপিসহ যে পৌরসভা/ইউনিয়ন পরিষদের মাঠ পর্যায়ে কাজ করতে আগ্রহী, সেই পৌরসভা/ইউনিয়ন পরিষদের মেয়র/চেয়ারম্যান বরাবর আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে। সংশ্লিষ্ট পৌরসভা/ইউনিয়ন পরিষদ যাবতীয় নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করবেন এবং নির্বাচিত প্রার্থীকে নিয়োগপত্র প্রদান করবেন।

## কমিউনিটি অর্গানাইজার-এর দায়িত্ব ঃ

কমিউনিটিকে সংগঠিত করা এবং কমিউনিটি সংগঠন বা কমিউনিটি ডেভেলপমেন্ট ফোরাম (সিডিএফ) গঠন করা। কমিউনিটির চাহিদা মোতাবেক প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে কমিউনিটি ডেভেলপমেন্ট ফোরামকে সহযোগিতা করা। জনসাধারণের স্বাস্থ্যসম্মত আচরণের উন্নয়ন, নিরাপদ পানি সরবরাহ নিশ্চিতকরণ ও সার্বিক স্যানিটেশন কার্যক্রম সুচারুভাবে বাস্তবায়ন এবং ইউনিয়ন পরিষদ/পৌরসভার সাথে সম্পৃক্ত থেকে এই সকল কাজের দীর্ঘ স্থায়ীত্বশীলতা নিশ্চিতকরণে সচেষ্ট থাকা।

## কমিউনিটি অর্গানাইজার-এর সুনির্দিষ্ট দায়িত্ব ঃ

১. অংশগ্রহণমূলক পদ্ধতিতে স্বাস্থ্যাভ্যাস, স্যানিটেশন, নিরাপদ পানি ও জলবায়ু পরিবর্তন অভিজোযন সম্পর্কে কমিউনিটি ভিত্তিক তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ করা (সামাজিক মানচিত্র ও অন্যান্য পিআরএ টুলস্ ব্যবহার করে);

২. জনগণের সহায়তায় সিডিএফ গঠন করা; সিডিএফ-এর সহায়তায় বাড়ি পরিদর্শন করা; এবং সিডিএফ-এর সভায় অংশগ্রহণ ও প্রয়োজনীয় সহায়তা প্রদান করা;

৩. কমিউনিটি স্বেচ্ছাসেবক নির্বাচন, ওরিয়েন্টেশন/প্রশিক্ষণ ও তাদের মাধ্যমে বিভিন্ন স্পটে উঠান বৈঠকের মাধ্যমে বিভিন্ন বিষয়ে সেশন পরিচালনা করা;

৪. স্কুল ও কমিউনিটিতে ঋতুকালীন স্বাস্থ্য পরিচর্যা বিষয়ে সেশন পরিচালনা করা;

৫. স্কুলসমূহে স্যানিটেশন ও হাইজিন প্রমোশনের জন্য হাইস্কুল/মাদ্রাসা ও প্রাইমারী স্কুল নির্বাচন করা; স্কুল একশন টিম গঠন ও ছাত্র-ছাত্রীদের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করা;

৬. হাইজিন সেশন ও অন্যান্য উদ্বুদ্ধকরণ কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় উপকরণ যথাযথভাবে ব্যবহার করা;

৭. কমিউনিটি পরিকল্পনা ও প্রকল্প প্রণয়নে সংশ্লিষ্ট সিডিএফ-কে সহায়তা করা;

৮. নিরাপদ পানি প্রযুক্তি স্থাপনের পূর্বে ব্যবহারকারী প্রতিনিধিদের জন্য ওরিয়েন্টেশনের আয়োজন করা;

৯. স্কীমের জন্য (নিরাপদ পানি প্রযুক্তি ও পাবলিক/কমিউনিটি ল্যাট্রিণ) নির্ধারিত স্থানে প্রকল্পের নিয়ম অনুযায়ী স্থাপন/ নির্মাণে কমিউনিটির তদারকি নিশ্চিত করা;

১০. খানাভিত্তিক ল্যাট্রিন স্থাপন ও উন্নয়ন করতে কমিউনিটকে উদ্বুদ্ধ করা এবং খানাভিত্তিক ল্যাট্রিন, কমিউনিটি/পাবলিক ল্যট্রিণ নিয়মিত পরিস্কার-পরিচ্ছন্ন রাখার জন্য প্রতিষ্ঠানের কমিটি এবং স্কুল কর্তৃপক্ষ ও ছাত্র-ছাত্রীদের উদ্বুদ্ধ করা;

১১. পানির উৎস বা নলকূপ নিয়মিত সচল ও নিরাপদ রাখার জন্য ব্যবহাকারীদের উদ্বুদ্ধ করা;

১২. পানির উৎস ও নলকূপ ব্যবহারকারীদের কেয়ারটেকার প্রশিক্ষণ প্রদান ও গৃহস্থালীর সকল কাজে নিরাপদ পানির ব্যবহার করতে কমিউনিটিকে উদ্বুদ্ধ করা;

১৩. বিভিন্ন দিবস যেমন; বিশ্ব পানি দিবস, হাত ধোয়া দিবস, স্যানিটেশন মাস প্রভৃতি উদ্‌যাপনে স্কুল ও ওয়ার্ড কমিটিকে সহায়তা করা;

১৪. মোবাইল অ্যাপস ও অনলাইন সিস্টেমের মাধ্যমে কার্যক্রমের রিপোর্ট প্রদান করা।

১৫. স্যানিটেশন, পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন বিষয়ক স্থায়ী কমিটি সক্রিয় করতে এবং স্থায়ী কমিটির সিদ্ধান্ত ইউনিয়ন পরিষদের মাসিক সভায় গ্রহণ ও বাস্তবায়নে ইউনিয়ন পরিষদকে সহায়তা করা ।

১৬. জনঅংশগ্রহণ মূলক কার্যক্রমে ইউনিয়ন পরিষদকে সহায়তা করা (ওয়ার্ড সভা, উন্মুক্ত বাজেট সভা আয়োজন এবং তাতে কমিউনিটির অংশগ্রহন নিশ্চিত করা, ইউপিতে হতদরিদ্র চিহ্নিত করে তাদের সামাজিক নিরাপত্তা বেস্টনীতে অর্ন্তভূক্ত করতে সহায়তা করা, ইউপি পর্যায়ে সকল ডকুমেন্ট হালনাগাদ রাখা) এবং

১৭. এছাড়াও হাইসাওয়া সংশ্লিষ্ট অন্য যে কোন কার্য সম্পাদন করা ।